

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২ ৪৫২

আগরতলা, ১৩ জানুয়ারি, ২০২৫

বিধানসভা সংবাদ

বিধানসভায় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাবের উপর আলোচনা

রাজ্যের অন্তিম জনপদ ও প্রান্তিক মানুষের সামগ্রিক
উন্নয়নই বর্তমান সরকারের প্রধান লক্ষ্য : পরিষদীয় মন্ত্রী

রাজ্যের অন্তিম জনপদ ও প্রান্তিক মানুষের সামগ্রিক উন্নয়নই বর্তমান সরকারের প্রধান লক্ষ্য। বিধানসভায় রাজ্যপালের ভাষণে সরকারের উন্নয়নমূলক কাজ, নীতি, দৃষ্টিভঙ্গি ও দিশার প্রতিফলন রয়েছে। বর্তমান সরকার রাষ্ট্রবাদ ও অন্ত্যোদয় উন্নয়নের সরকার। আজ বিধানসভায় রাজ্যপালের ভাষণের উপর আনীত ধন্যবাদসূচক প্রস্তাবের উপর আলোচনায় অংশ নিয়ে একথা বলেন পরিষদীয় মন্ত্রী রতনলাল নাথ।

রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাবের সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে পরিষদীয় মন্ত্রী রতনলাল নাথ আরও বলেন, ভারতবর্ষ শান্তির দেশ। বৈচিত্র্য থাকা সত্ত্বেও দেশ আজও অখন্দ ও অভিন্ন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বলিষ্ঠ নেতৃত্বে দেশ আজ বিভিন্ন ক্ষেত্রে এগিয়ে চলছে। সারা বিশ্বে আর্থিক মন্দা, মুদ্রাস্ফীতি, যুদ্ধ পরিস্থিতির পরও দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি এগিয়ে চলছে। তিনি বলেন, গত ৭ বছরে রাজ্যে ব্যাপক উন্নয়ন কর্মসূচি পরিলক্ষিত হয়েছে। মাথাপিছু গড় আয় বেড়ে বর্তমানে হয়েছে ১,৭৭,৭২৩ টাকা। এছাড়াও তিনি জল জীবন মিশন, প্রধানমন্ত্রী আবাস যোজনা, রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা, সড়ক যোগাযোগ ব্যবস্থা, কৃষি ও কৃষক কল্যাণ সম্পর্কিত বিভিন্ন যোজনা ও প্রকল্প সহ বিভিন্ন দণ্ডের চলতি বিভিন্ন উন্নয়নমূলক কাজ নিয়ে আলোচনা করেন।

রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাবের সমর্থনে সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী সাহা রায় বলেন, বর্তমান সরকার মহিলা, শিশু, অবহেলিত জাতিগোষ্ঠীর উন্নয়নে বিশেষ অগ্রাধিকার দিয়ে কাজ করছে। সরকার মানবসম্পদের উন্নয়নে বিশেষ জোর দিচ্ছে। তিনি রাজ্যের স্বাস্থ্য, শিক্ষা, কর্মসংস্থান ইত্যাদি নিয়ে আলোচনা করেন। এছাড়া রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে বক্তব্য রাখেন বিরোধী দলনেতা বিধায়ক জিতেন্দ্র চৌধুরী।
